দৈনিক বাংলা

006

তারিখ ... ২৩/৬/৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৯ ...

# বেসরকারী স্কুলে বিজ্ঞান শিক্ষায় ১৩৩ কোটি টাকার পরিকল্পনা

দেশের বেসরকারী মাধ্যমিক স্কুলের বিজ্ঞান শিক্ষার বিকাশ ঘটাতে সরকার ১৩৩ কোটি টাকার এক ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছেন।

বাসস'র খবরে বলা হয়ঃ গতকাল ঢাকায় শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এ পরিকল্পনায় দেশের ২শ মাদ্রাসাও অন্তর্ভুক্ত থাকবে, সাধারণ ও ধর্মীয় শিক্ষার মধ্যকার ব্যবধানে সেতুবন্ধন গড়ে তোলার লক্ষ্যে বর্তমানে ক্রমান্বয়ে মাদ্রাসা শিক্ষারও উন্নতি সাধন করা হচ্ছে।

উক্ত সূত্র জানায় যে সরকার দ্'̣ শিক্ষা ব্যবস্থার মধ্যে বিদ্যমান ব্যবধানে সেতুবন্ধ গড়তে দৃঢ়প্রতিজ্ঞ এবং এ কারণে জনগণের কল্যাণে সরকার একই ধরনের শিক্ষা পদ্ধতি চালুর পরিকল্পনা করছেন। তিনি বিশেষভাবে উল্লেখ করেন যে বিভিন্ন ধরনের মঞ্জুরী ও বরাদ্দ প্রদানের ব্যবস্থার মাধ্যমে দেশের মাদ্রাসাসমূহ বিজ্ঞান শিক্ষার সুযোগ-সুবিধা, সাজসরঞ্জামে সুসজ্জিত করা হচ্ছে।

উল্লেখ্য, গতকাল শিক্ষা সচিব কাজী জালাল উদ্দীন আহমদ শর্সিনার দার-উস-সুন্নাত আলিয়া মাদ্রাসার জন্য ১০ হাজার মার্কিন ডলারের (দু লাখ ৬০ হাজার টাকা) একটা চেক মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটির সেক্রেটারী আলহাজ শাহ মহিবুল্লাহ'র নিকট অর্পণ করেন। মাদ্রাসার বিজ্ঞান শিক্ষার উন্নতি সাধনের জন্য ইসলামিক সলিডারিটি ফান্ড থেকে এ মঞ্জুরী প্রদত্ত হয়েছে।